চুয়াডাঙ্গার ভালাইপুর বাজারে স্থাপন হচ্ছে পুলিশ ক্যাম্প

সকল জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে দীর্ঘ ১০ বছর চেষ্টার পরে চুয়াডাঙ্গা জেলার ভালাইপুর বাজারে পুলিশ ক্যাম্প স্থাপন হতে যাচ্ছে।

গতকাল সোমবার সকাল সাড়ে ৯ ঘটিকার সময় চুয়াডাঙ্গা জেলার ভালাইপুর বাজারে, ভালাইপুর মোড় বাজার কমিটির উদ্যোগে পুলিশ ক্যাম্প নিয়ে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

বাজার কমিটির সভাপতি জনাব আমির হোসেনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদও থানার ওসি তদন্ত লুৎফর কবির।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সাবেক ১৪ নং চিৎলা ইউপি চেয়ারম্যান জনাব জিল্লুর রহমান, ইসলাম উদ্দিন চেয়ারম্যান, আব্দুস সালাম বিপ্লব চেয়ারম্যান, সৌরভ হোসেন চেয়ারম্যান, আসাদুজ্জামান কবির, আসাদুজ্জামান সুজন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, ভালাইপুর মোড় দোকান মালিক সমিতির সদস্যবৃন্দ ও ব্যবসায়ীরা।

প্রধান অতিথি বলেন, প্রায় এক বিঘা জমির উপরে এই পুলিশ ক্যাম্প স্থাপন করা হবে। ক্যাম্পের কার্যক্রম এই বছরের ভিতর শুরু করা হবে। ক্যাম্প স্থাপন হলে এলাকার ব্যবসায়ী ও সাধারণ মানুষের নিরাপত্তা দেওয়া সম্ভব হবে।

উল্লেখ্য, ভালাইপুর বাজারটি চুয়াডাঙ্গা জেলার পশ্চিমাঞ্চলের সবচেয়ে জনবহুল এলাকা। এ বাজারে প্রায় পঞ্চাশটি গ্রামের লোক সমবেত হয়। কেউবা জীবিকার তাগিদে, কেউ বা ব্যবসায়ীক কাজে।

এই বাজারে প্রতিদিন প্রায় কোটি টাকার লেনদেন হয়। প্রায় ৫০০ টির ও বেশি দোকানে রয়েছে। সরকারি-বেসরকারি ব্যাংক রয়েছে চারটে। স্কুল কলেজ রয়েছে। অথচ এই বাজারে নিরাপত্তা কোন ব্যবস্থা নেই। যার কারণে ব্যবসায়ীরা হতাশা ও আতঙ্কের ভিতরে থাকে। অবশেষে ব্যবসায়ীরা অসার মুখ দেখছে ভালাইপুর বাজারে পুলিশ ক্যাম্প হওয়ার

কুষ্টিয়ায় আধিপত্য বিস্তার নিয়ে সংঘর্ষে একজন নিহত

কুষ্টিয়ার কুমারখালীতে আধিপত্য বিস্তার ও পূর্ব বিরোধের জেরে দু’দল গ্রামবাসীর সংঘর্ষে মোহাম্মদ বিল্লাল হোসেন (৪৬) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন। এ ঘটনায় পুলিশসহ আহত হয়েছেন ২৫ জন।

সোমবার (৬ জুলাই) বেলা সাড়ে ১১টার দিকে উপজেলার পান্টি ইউনিয়নের সান্দিয়ারা বাজারে এ ঘটনা ঘটে।

নিহত মোহাম্মদ বিল্লাল হোসেন কুমারখালী উপজেলার পান্টি ইউনিয়নের সান্দিয়ারা গ্রামের মো. মোফাজ্জলের ছেলে।

কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মজিবুর রহমান জানান, পান্টি ইউনিয়নের সান্দিয়ারা বাজারে আধিপত্য বিস্তার ও পূর্ব বিরোধ নিয়ে দু’দল গ্রামবাসী সংঘর্ষে জড়িয়ে পড়ে।

এ সময় উভয়পক্ষের লোকজন দেশীয় অস্ত্রে সজ্জিত হয়ে একে অপরের ওপর হামলা, ইট-পাটকেল নিক্ষেপ ও ধাওয়া পাল্টা ধাওয়ায় লিপ্ত হয়। সংঘর্ষে বিল্লাল নামে একজন নিহত হয়েছেন এবং পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে গিয়ে ৬ পুলিশসহ উভয়পক্ষের অন্তত ২৫ জন আহত হয়েছেন।

আহতদের স্থানীয় স্বাস্থ্যকেন্দ্রসহ বিভিন্ন চিকিৎসাকেন্দ্রে ভর্তি করা হয়েছে। বর্তমানে এলাকায় উত্তেজনা বিরাজ করলেও পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা রয়েছে বলেও জানান তিনি।

কুষ্টিয়া জেলা খাদ্য কর্মকর্তাকে শুভেচ্ছা অটো মিল মালিক সমিতির

কুষ্টিয়া অটো এন্ড মেজর হাস্কিং মিল মালিক সমিতির পক্ষ থেকে সদ্য যোগদানকৃত জেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার (ডিসি ফুড) এস এম তাহসিনুল হককে ফুলেল শুভেচ্ছা জানিয়েছেন কুষ্টিয়া অটো এন্ড মেজর হাস্কিং মিল মালিক সমিতির নেতৃবৃন্দ।

সোমবার দুপুরে কুষ্টিয়া অটো এন্ড মেজর হাস্কিং মিল মালিক সমিতির সভাপতি হাজী আব্দুস সামাদ ও সাধারণ সম্পাদক হাজী জয়নাল আবেদীন প্রধানের নেতৃত্বে সদ্য যোগদানকৃত এ কর্মকর্তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। পরে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময়কালে তিনি বলেন, বর্তমান সরকার খাদ্যবান্ধব সরকার। এই কুষ্টিয়া জেলা দেশের এক তৃতীয়াংশ চালের চাহিদা মিটিয়ে থাকে। তাই বর্তমান সরকারকে সার্বিক সহযোগিতা করতে সকল মিল মালিকদের এগিয়ে আসার আহবান জানান তিনি।

এসময় উপস্থিত ছিলেন, কুষ্টিয়া জেলা শাখার সিনিয়র সহ-সভাপতি এস এম বজলুর রহমান, সিনিয়র সভাপতি সহ সভাপতি হাজী লিয়াকত আলী, সাংগঠনিক সম্পাদক হাজী মোহাম্মদ আলী জিন্নাহ, কোষাধক্ষ্য হাজী আবুল হোসেন সরদারসহ কুষ্টিয়া সদর উপজেলা শাখার সভাপতি মোঃ আনোয়ার হোসেন, সাধারণ সম্পাদক জিল্লুর রহমান মোল্লা, যুগ্ম সাধারণ সম্পাদক হাজী মোহাম্মদ আহসান উল্লাহ উপস্থিত ছিলেন।

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার ‘আহার প্রতিদিন’ কর্মসূচি

অব্যাহত

রোটারি ক্লাব অব কুষ্টিয়া আহার প্রতিদিনের ৬ষ্ঠ দিনে কুষ্টিয়ার বিভিন্ন অঞ্চলে বিভিন্ন পেশাজীবিদের মধ্যে খাদ্য উপহার বিতরণ করেছে।
কোভিড-১৯ পরিস্থিতিতে রোটারি ক্লাব অব কুষ্টিয়া শহরের বিভিন্ন এলাকায় গত ১লা জুলাই থেকে কর্মসূচির দ্বিতীয় দফায় প্রতিদিন ১হাজার ব্যক্তিকে খাদ্য উপহার প্রদান করে যাচ্ছে।

তারই ধারাবাহিকতায় সোমবার ৬ষ্ঠ দিনে কুষ্টিয়ার থানাপাড়া, কোর্টপাড়া, মোল্লাতেঘরিয়া, পিটিআইরোড, মজমপুর, চৌড়হাস, বিসিক, বটতৈল, হাউজিং, আমলাপাড়া, এন. এস. রোড, আড়ুয়াপাড়া, বড়বাজার, মিলপাড়া, ছেউড়িয়া, লালনশাহ মাজার এলাকায় মধ্যবিত্ত, চাকুরীজীবি, শ্রমিকসহ বিভিন্ন পেশাজীবিদের মাঝে খাদ্য উপহার বিতরণ করা হয়।

আহার প্রতিদিন কর্মসূচির পাশাপাশি পরিবেশ রক্ষার্থে সহযোগিতা করার জন্য বৃক্ষরোপণ কর্মসূচি পালন করে যাচ্ছে রোটারি ক্লাব অব কুষ্টিয়া।
১লা জুলাই থেকে কুষ্টিয়ার বিভিন্ন অঞ্চলে এবং ব্যক্তিমালিকাধীন বাড়ি বা জমি প্রাঙ্গনে প্রতিদিন বৃক্ষরোপণ এবং সবাইকে বৃক্ষরোপণের প্রতি উৎসাহিত করাসহ সহযোগিতা কামনা করেছে রোটারি ক্লাব অব কুষ্টিয়া।

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার ২০২০-২১ বর্ষের প্রেসিডেন্ট কাজী সামছুন নাহার আলো বলেন, ”কোভিড-১৯ পরিস্থিতিতে রোটারি ক্লাব অব কুষ্টিয়া গত ১লা জুলাই থেকে আহার প্রতিদিন কর্মসূচির মাধ্যমে কুষ্টিয়াবাসীর পাশে রয়েছে এবং আমরা বিভিন্ন পেশাজীবিদের বাড়িতে খাবার পৌছে দিচ্ছি। পাশাপাশি পরিবেশ রক্ষার্থে বৃক্ষরোপণ কর্মসূচিও প্রতিদিন অব্যাহত রয়েছে। ”

মেহেরপুরের চকশ্যাম নগর সমাজ কল্যাণ পরিষদ’র বৃক্ষরোপণ

মেহেরপুর সদর উপজেলা আমদহ ইউনিয়নের চকশ্যাম নগর গ্রামে স্কুল, মসজিদ, কবরস্থানে বৃক্ষরোপণ করা হয়েছে।

সোমবার বিকাল ৫ টার দিকে চকশ্যাম সমাজ কল্যাণ পরিষদের সহ সভাপতি মারুফ হাসান উপস্থিত থেকে বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন করেন।

উদ্বোধনের সময় তিনি বলেন, প্রাকৃতিক পরিবেশকে বসবাস উপযোগী করে তুলতে ও করোনা ভাইরাস এর ভয়াবহতা রোধে মানুষকে সতর্ক করে চলেছি । আমরা মসজিদ, ঈদগাহ ময়দান, কবরস্থান, প্রাইমারি ও মাধ্যমিক বিদ্যালয়ে ২০০ টি চারা রোপণ করেছি এবং মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে চারা বিতরণ করেছি।

এসময় সংগঠনের সেক্রেটারি সাব্বির আহমেদ, আরাফাত হোসেন,মারুফ হাসান, শিপলব জামান নিখন,আবু ওয়াহিদ,আনোয়ার সহ সংগঠনের সদস্যরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আরো ২ জন করোনা আক্রান্ত, তারা চাচা-ভাতিজি

মেহেরপুরে আরো ২ জন নতুন করে করোনা আক্রান্ত হয়েছেন। তারা দুজনই গাংনী উপজেলার। আক্রান্তরা হলেন- গাংনী পশু হাসপাতাল পাড়ার আক্তারুজ্জামান (৪১) ও নুসরাত জাহান (১৭)।

সোমবার এ তথ্য নিশ্চিত করেছেন গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: রিয়াজুল আলম। আক্রান্তরা হলেন,গাংনী পৌর শহরের পশুহাসপাতাল পাড়ার আব্দুল গনীর ছেলে আক্তারুজ্জামান চঞ্চল (৪২) ও তার বড় ভাই বাচ্চুর মেয়ে নুসরাত জাহান (১৭)।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা:

রিয়াজুল আলম জানান, গত কয়েকদিন আগে স্বাস্থ্য কর্মী ফারহানা করোনা আক্রান্ত হয়। সেখান থেকে তার মেয়ে নুসরাত জাহান ও তার চাচা আক্তারুজ্জামান চঞ্চল আক্রান্ত হতে পারে বলে ধারনা করা হচ্ছে। আক্তারুজ্জামান চঞ্চলের স্ত্রী জানান, আক্তারুজ্জামান চঞ্চল অসুস্থ হওয়ার কারনে ডাক্তারদের পরামর্শে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেয়া হয়েছে।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, এ পর্যন্ত ২১৭৭টি নমুনা পাঠানো হয়েছে। ফলাফল এসেছে ১৯৭০ টি। এর মোট আক্রান্ত ৯৪ জন। এদের মধ্যে সদরে ৫০, গাংনীতে ৩৬ এবং মুজিবনগরে ৮জন। এ পর্যন্ত ৩৪ জন সুস্থ হয়েছেন। ৯জনকে ট্রান্সফার করা হয়েছে। বর্তমানে মেহেরপুরে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন রয়েছেন ৪৬ জন।

আলমডাঙ্গায় ভ্রাম্যমান আদালতে ৬ ক্লিনিককে ৩১ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গা শহরে যাচ্ছেতাইভাবে গড়ে ওঠা বেশ কয়েকটি প্রাইভেট ক্লিনিকে অভিযান চালিয়েছেন ভ্রাম্যমান আদালত। ৬ টি ক্লিনিকে ৩১ হাজার টাকা জরিমানা করেন আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী।

জরিমানার শিকার ক্লিনিকগুলো হল পশুহাট সড়কের মা ক্লিনিককে ৬ হাজার টাকা, একতা ক্লিনিককে ২ হাজার টাকা, ইউনাইটেড ক্লিনিককে ১০ হাজার টাকা, কালিদাসপুর সাদা ব্রীজ সংলগ্ন আল-আরাফা ক্লিনিককে ৫ হাজার টাকা, কলেজপাড়ার লোকমান ক্লিনিককে ৩ হাজার টাকা ও সোগামোড়ের এ্যাপোলো ক্লিনিককে ৫ হাজার জরিমানার টাকা আদায় করা হয়েছে।

আদালত সূত্রে জানা গেছে, ক্লিনিকগুলোতে মারাত্মক অব্যবস্থাপনা, সরকারী নিয়মনীতি না মানার অভিযোগ রয়েছে। এদের মধ্যে আবার

ইউনাইটেড ক্লিনিক ও এ্যাপোলো ক্লিনিকের কোন অনুমোদনই নেই। এই দুইটি ক্লিনিককে তাদের অনুমোদন নিতে দুইদিনের আল্টিমেটাম দিয়েছেন ভ্রাম্যমান আদালত।

অনুমোদন ছাড়াই ইউনাইটেড ক্লিনিক দীর্ঘ বছর তাদের অপচিকিৎসা চালিয়ে আসছে। মাঝে-মধ্যেই অপচিকিৎসায় এখানে রোগী মারা যান। প্রশাসনও মাঝে-মধ্যে ক্লিনিকে সিলগালা করে দিয়ে যায়। আবার কিসব অলৌকিক কারনে ক্লিনিক খুলে আবারো রোগী ভর্তি করা হয়। এ নিয়ে শহরবাসীর মধ্যে নানা প্রশ্ন রয়েছে।

ডাক্তার দম্পত্তি করোনা আক্রান্ত, আলমডাঙ্গার শেফা ক্লিনিক লকডাউন

ডাক্তার গোলাম জাকারিয়া তপন স্বস্ত্রীক করোনাভাইরাস পজিটিভ হওয়ায় তার মালিকানাধীন আলমডাঙ্গা শেফা ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার লকডাউন করা হয়েছে।
সোমবার (৬ জুলাই) দুপুরে উপজেলা প্রশাসন ও স্বাস্থ্য বিভাগ ক্লিনিকটি লকডাউন করে দেয়। এতে প্রায় দশ দিন ধরে চলা আলোচনা- সমালোচনার অবসান হয়।
জানা গেছে, এর আগে থেকেই ডাক্তার গোলাম জাকারিয়া তপনের স্ত্রী মরিয়ম নেছা করোনার উপসর্গ নিয়ে বেশ কিছুদিন যাবৎ শেফা ক্লিনিকের বাড়িতে চিকিৎসাধীন ছিলেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে বারেবার ক্লিনিকটির কর্মকর্তা-কর্মচারীদের করোনা পরীক্ষার জন্য নমুনা দিতে তাগিদ দেওয়া হলেও ডাক্তার তপন দিতে অপারগতা প্রকাশ করে আসছিলেন। পরে ওই ডাক্তার পরিবারের নমুনা সংগ্রহ করে ল্যাবে পাঠানো হয়। এতে ডাক্তার তপন স্বস্ত্রীক করোনা পজিটিভ আসে। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হাদি জিয়া উদ্দিন আহমেদ জানান, ডাক্তার গোলাম জাকারিয়া তপন ও তার স্ত্রীর করোনা রেজাল্ট পজিটিভ এসেছে।

তিনি জানান, আগে থেকেই ডাক্তার তপনের পরিবারকে নমুনা দিতে একাধিকবার চিঠি দেওয়া হয়েছিল। কিন্ত তিনি সহযোগীতা করেননি। পরে তাদের নমুনা সংগ্রহ করা হয়। তাদের মধ্যে ডাক্তার দম্পত্তির করোনা রেজাল্ট পজিটিভ এসেছে। তারা তাদের মালিকানাধীন শেফা ক্লিনিকের ওপরে বসবাস করছিলেন। এ জন্য ক্লিনিকসহ বাড়িটি লকডাউন করা হয়েছে।
গিয়ে দেখা গেছে, রোগী-আত্মীয়স্বজনে সব সময় জমজমাট থাকা ক্লিনিকের ভেতরে ও বাহিরে সুনসান নিরবতা। করোনার খবর শুনে অবশিষ্ট রোগীরাও ক্লিনিক ছেড়ে পালিয়েছে।

এন্ড্রু কিশোর আর নেই

না ফেরার দেশে চলে গেলেন দেশের জনপ্রিয় সংগীতশিল্পী এন্ড্রু কিশোর। তার বয়স হয়েছিল ৬৫ বছর।

সোমবার সন্ধ্যায় রাজশাহী মহানগরীর মহিষবাথান এলাকায় তার বোন ডা. শিখা বিশ্বাসের বাড়িতে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

দীর্ঘদিন ধরে ব্লাড ক্যান্সারে ভুগছিলেন আটবারের চলচ্চিত্র পুরষ্কারপ্রাপ্ত এই বরেন্য শিল্পী।

সিঙ্গাপুর থেকে চিকিৎসা শেষে গত ১১ জুন রাতে বিশেষ ফ্লাইটে দেশে ফেরেন তিনি।

এরপর থেকে রাজশাহীতে বোনোর বাসায় থাকছিলেন। তার দেখভাল করছিলেন বোনজামাই চিকিৎসক ডা. প্যাট্রিক বিপুল বিশ্বাস।

তবে গত কয়েকদিন ধরে শারীরিক অবস্থার অবনতি ঘটে তার। অক্সিজেন সাপোর্ট দেয়া হয়।

সোমবার দুপুরে গণমাধ্যমকর্মীদের ডা. প্যাট্রিক বিপুল বিশ্বাস এ তথ্য দেন।

এর আগে এন্ড্রু কিশোর মারা গেছেন বলে সামাজিক যোগাযোগমাধ্যমে

গুজব ছড়িয়ে পড়লে সে রাতেই তার স্ত্রী লিপিকা স্ট্যাটাস দেন।

সেখানে তিনি এন্ড্রু কিশোরের শারীরিক অবস্থার উল্লেখ করে লিখেছিলেন, ‘এখন কিশোর কোনো কথা বলে না। চুপচাপ চোখ বন্ধ করে শুয়ে থাকে। আমি বলি কি ভাব, বলে কিছু না, পুরানো কথা মনে পড়ে আর ঈশ্বরকে বলি আমাকে তাড়াতাড়ি নিয়ে যাও, বেশি কষ্ট দিও না। ক্যান্সারের শেষ ধাপে খুব যন্ত্রণাদায়ক। এন্ড্রু কিশোরের জন্য সবাই প্রাণ খুলে দোয়া করবেন, যেন কম কষ্ট পায় এবং একটু শান্তিতে পৃথিবীর মায়া ছেড়ে যেতে পারে।’

ব্লাড ক্যান্সার নিয়ে গত বছরের অক্টোবর থেকে সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন জনপ্রিয় কণ্ঠশিল্পী এন্ড্রু কিশোর। হাসপাতাল থেকে ছাড়পত্র পাওয়ার পর ১১ জুন রাতে বিশেষ ফ্লাইটে ঢাকায় আসেন তিনি। এরপর তিনি ঢাকা থেকে রাজশাহী চলে আসেন।

১৯৭৭ সালে এন্ড্রু কিশোর আলম খানের সুরে ‘মেইল ট্রেন’ চলচ্চিত্রে ‘অচিনপুরের রাজকুমারী নেই যে তার কেউ’ গানের মধ্য দিয়ে চলচ্চিত্রে প্লেব্যাক যাত্রা শুরু করেন। এরপর আর পেছন ফিরে তাকাতে হয়নি তাকে।

তার জনপ্রিয় গানের মধ্যে রয়েছে- ‘জীবনের গল্প আছে বাকি অল্প’, ‘হায়রে মানুষ রঙিন ফানুস’, ‘ডাক দিয়াছেন দয়াল আমারে’, ‘আমার সারা দেহ খেয়ো গো মাটি’, ‘আমার বুকের মধ্যেখানে’, ‘আমার বাবার মুখে প্রথম যেদিন শুনেছিলাম গান’, ‘ভেঙেছে পিঞ্জর মেলেছে ডানা’, ‘সবাই তো ভালোবাসা চায়’, ‘পড়ে না চোখের পলক’, ‘পদ্মপাতার পানি’, ‘ওগো বিদেশিনী’, ‘তুমি মোর জীবনের ভাবনা’, ‘আমি চিরকাল প্রেমের কাঙ্গাল’ প্রভৃতি।

কোটচাঁদপুরে সড়ক সংস্কারে অনিয়মের অভিযোগ

ঝিনাইদহের কোটচাঁদপুর-সাফদারপুুর দীর্ঘ ৮ কিঃমিঃ সড়ক সংস্কারের কাজে অনিয়মের অভিযোগ উঠেছে। সড়কটি সংস্কার কাজে দীর্ঘসূত্রিতার